



পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ)

www.pksf-bd.org


পিকেএসএফ-এর ইনোভেশন টিমের সদস্যদের অংশগ্রহণে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী

সভাপতি : ড. এ.কে.এম নূরুজ্জামান
সভার তারিখ : ২৮ মার্চ ২০১৭
সময় : বিকাল ০৩.৩০ ঘটিকা
সভার স্থান : সভাকক্ষ (কক্ষ নম্বর-৫১০), পিকেএসএফ ভবন, ঢাকা-১২০৭

সভায় ইনোভেশন টিমের সকল সদস্য উপস্থিত ছিলেন। সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। শুরুতেই বিগত সভার কার্যবিবরণী নিয়ে আলোচনা করা হয় এবং কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে তা অনুমোদন করা হয়। গত ২১-২৩ মার্চ ২০১৭ তারিখে ৩ দিনব্যাপী "Project Design Workshop"-এ জনাব মোঃ আশরাফুল হক, সহকারী মহাব্যবস্থাপক (কার্যক্রম) অংশগ্রহণ করেন এবং কর্মশালায় আলোচ্য বিষয়ে অন্যান্য সদস্যদের সাথে তিনি মতবিনিময় করেন। বিগত ০৮/০৩/২০১৭ তারিখে ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগ ও দপ্তর/সংস্থার ইনোভেশন টিমের সদস্যদের অংশগ্রহণে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী সম্পর্কে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। বিস্তারিত আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ সর্বসম্মতিক্রমে গৃহীত হয়:

ক্র. নং	আলোচ্য বিষয়	সিদ্ধান্ত
১.	ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগ ও দপ্তর/সংস্থার ইনোভেশন টিমের সদস্যদের ৫ দিনের প্রশিক্ষণের জন্য কর্মকর্তার তালিকা তৈরি করে তা অনুমোদন করা এবং ৩১ মার্চ-এর মধ্যে তা চিঠির মাধ্যমে জানানো।	- পিকেএসএফ থেকে উক্ত প্রশিক্ষণের জন্য বিশ (২০) জন কর্মকর্তার তালিকা তৈরি করার সিদ্ধান্ত গৃহীত হয়।
২.	পিকেএসএফ কর্তৃক মনোনীত ইনোভেশন টিমের সদস্যদের প্রতিমাসের মাসিক কার্যবিবরণী তৈরি করা এবং তা চিফ ইনোভেশন অফিসার ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগে প্রেরণ করা।	- ইনোভেশন টিমের সদস্যদের মাসিক সমন্বয় সভা প্রতিমাসে অনুষ্ঠিত হয় এবং উক্ত মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী তৈরি করা হয়। - চিফ ইনোভেশন অফিসার, ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগ বরাবর উক্ত কার্যবিবরণী প্রেরণ নিশ্চিত করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।
৩.	প্রতিবন্ধী-বান্ধব প্রশিক্ষণের অগ্রগতি প্রসঙ্গে।	- প্রতিবন্ধী-বান্ধব প্রশিক্ষণের জন্য পিরোজপুর ছাড়াও যশোর ও বগুড়া-তে একই ধরনের প্রশিক্ষণ আয়োজনের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।

পরিশেষে উপস্থিত সকলকে ধন্যবাদ এবং গৃহীত সিদ্ধান্তসমূহ নির্ধারিত সময়সীমার মধ্যে সম্পন্ন করার বিষয়ে সকল সদস্যগণকে অনুরোধ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।


(ড. এ.কে.এম নূরুজ্জামান)
উপ-মহাব্যবস্থাপক (কার্যক্রম)
ও
ইনোভেশন অফিসার

অনুলিপি: সদয় অবগতির জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১। ব্যবস্থাপনা পরিচালক
- ২। উপ-ব্যবস্থাপনা পরিচালক (সকল)
- ৩। চিফ ইনোভেশন অফিসার, ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগ
- ৪। পিকেএসএফ-এর ইনোভেশন টিমের সকল সদস্য
- ৫। নথি